পাঠ ৭

# আমি হব

কাজী নজরুল ইসলাম



## পাঠের মূলকথা

সাধারণত প্রভাতে পাখিরা আগে জেগে ওঠে, ফুলবাগানে ডাকাডাকি করে। 'আমি হব' কবিতার খোকা সকাল বেলার পাখি হতে চায়। পাখির মতো সেও সূর্য ওঠার আগেই ঘুম থেকে জেগে উঠবে। মা যদি রেগে গিয়ে তাকে বলেন– সকাল হয়নি, এখন ঘুমাও, তখন সে মাকে আলসে মেয়ে বলে তাকেই ঘুমিয়ে থাকতে বলবে। খোকা মায়ের কাছে জানতে চাইবে সূর্য ওঠেনি, সকাল হয়নি বলে কি আর কখনো সকাল হবে না? খোকা জাগলেই সকাল হবে। আর যদি তারা না জাগে তাহলে সকাল হবেই বা কী করে? খোকা ঘুম থেকে জাগলেই সকাল হবে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৪

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-২২ | আমি হব.......... মা বলবেন রেগে। |
| পিরিয়ড-২৩ | আমি হব ........... সকাল হবে না কো। |
| পিরিয়ড-২৪ | সম্পূর্ণ কবিতা |
| পিরিয়ড-২৫ | সম্পূর্ণ কবিতা |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কুসুম | সূয্যি | ঘুমো | উঠব | আলসে | জাগি | পোহাবে |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর (৩) চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৯

কুসুম-বাগ, সুয্যি, আলসে, রাত পোহানো।

**উত্তর :**

কুসুম-বাগ — ফুলবাগান।
সুয্যি — সূর্য।
আলসে — অলস।
রাত পোহানো — রাত শেষ হওয়া।

### ২ কবিতা থেকে শব্দ নিয়ে খালি জায়গা পূরণ করি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৯

ক. আমি হব ——— বেলার পাখি।
খ. সবার আগে ———
উঠব আমি ডাকি।
গ. ——— মামা জাগার আগে
উঠব আমি জেগে,
ঘ. 'হয়নি সকাল, ——— এখন'—
মা বলবেন রেগে!

**উত্তর :**

ক. আমি হব **সকাল** বেলার পাখি।
খ. সবার আগে **কুসুম-বাগে**
উঠব আমি ডাকি।
গ. **সুয্যি** মামা জাগার আগে
উঠব আমি জেগে,
ঘ. 'হয়নি সকাল, **ঘুমো** এখন'—
মা বলবেন রেগে!

### ৩ বিপরীত শব্দ শিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৯

সকাল, রাত, জাগা, অলস, আগে, রাগ।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | | বিপরীত শব্দ |
|---|---|---|
| সকাল | — | বিকাল |
| রাত | — | দিন |
| জাগা | — | ঘুমানো |
| অলস | — | পরিশ্রমী |
| আগে | — | পরে |
| রাগ | — | খুশি |

### ৪ কবিতাটি না দেখে বলি ও লিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২০

**উত্তর :** পাঠ্যবই থেকে পড়ার পর কবিতাটি না দেখে বলি ও খাতায় লিখি।

### ৫ কাজ বোঝায় এমন শব্দ আলাদা করি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২০

| | |
|---|---|
| আমি সকালে ঘুম থেকে উঠি। | ওঠা |
| আমরা ভাত খাই। | ............ |
| তুমি একটা কবিতা বলো। | ............ |
| তোমরা মাঠে বল খেলছো। | ............ |
| সে বই পড়ছে। | ............ |
| তারা স্কুলে গিয়েছে। | ............ |

**উত্তর :**

| | |
|---|---|
| আমি সকালে ঘুম থেকে উঠি। | ওঠা |
| আমরা ভাত খাই। | খাওয়া |
| তুমি একটা কবিতা বলো। | বলা |
| তোমরা মাঠে বল খেলছো। | খেলা |
| সে বই পড়ছে। | পড়া |
| তারা স্কুলে গিয়েছে। | যাওয়া |

### ৬ বলি ও লিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২০

**প্রশ্ন ক. খোকা কী হতে চায়?**
**উত্তর :** খোকা সকাল বেলার পাখি হতে চায়।
**প্রশ্ন খ. কার জাগার আগে খোকা জেগে উঠতে চায়?**
**উত্তর :** সূর্য মামা জাগার আগে খোকা জেগে উঠতে চায়।
**প্রশ্ন গ. খোকা কাকে 'আলসে মেয়ে' বলেছে?**
**উত্তর :** খোকা তার মা-কে 'আলসে মেয়ে' বলেছে।
**প্রশ্ন ঘ. তুমি কখন ঘুম থেকে ওঠো?**
**উত্তর :** আমি খুব ভোরে ঘুম থেকে উঠি।

### ৭ ঘুম থেকে উঠে যা যা করি বলি ও লিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২০

________________________________________
________________________________________
________________________________________
________________________________________

**উত্তর :** আমি ঘুম থেকে উঠে দাঁত মাজি ও চোখ-মুখ পরিষ্কার করি। প্রার্থনা করি। তারপর স্কুলব্যাগে বই-খাতা গুছিয়ে নিয়ে স্কুলের পোশাক পরি। হালকা নাশতা করে মায়ের সাথে স্কুলে যাই।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ২২ | আমি হব.......... মা বলবেন রেগে।**

**শ্ন ১. কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ত্তর : 'আমি হব' কবিতায় খোকা সকাল বেলার পাখি হতে য়। পাখির মতো সেও সূর্য ওঠার আগেই ঘুম থেকে জেগে ঠতে চায়। মা রেগে গিয়ে বলে– সকাল হয়নি, এখন ঘুমাও। খন সে মাকেই আলসে মেয়ে বলে ঘুমাতে বলছে। সে তার কে বলছে, তার ছেলে ঘুম থেকে উঠলেই সকাল হবে।

**শ্ন ২. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

সুম, বাগ, কুসুমবাগ, সূর্য।

ত্তর :

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| কুসুম | কুশুম্ |
| বাগ | বাগ্ |
| কুসুমবাগ | কুশুম্‌বাগ্ |
| সূর্য | শুর্‌জো |

**শ্ন ৩. নিচে দেওয়া শব্দগুলো কবিতাংশ থেকে খুঁজে বের কর াগ টেনে দাও।**

| | |
|---|---|
| কুসুম | পাখি |
| মা | সকাল |
| আমি | |

মি হব সকাল বেলার পাখি।
র আগে কুসুম-বাগে
উঠব আমি ডাকি।
 মামা জাগার আগে
উঠব আমি জেগে,
নি সকাল, ঘুমো এখন'–
মা বলবেন রেগে!

র :

 হব সকাল বেলার পাখি।
র আগে কুসুম-বাগে
উঠব আমি ডাকি।
 মামা জাগার আগে
উঠব আমি জেগে,
নি সকাল, ঘুমো এখন'–
মা বলবেন রেগে!

**পিরিয়ড ২৩ | আমি হব .......... সকাল হবে না কো।**

**প্রশ্ন ৪. কবি ও কবিতার নামসহ প্রথম এগারো লাইন লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**আমি হব**
— কাজী নজরুল ইসলাম

আমি হব সকাল বেলার পাখি।
সবার আগে কুসুম-বাগে
উঠব আমি ডাকি।
সুয্যি মামা জাগার আগে
উঠব আমি জেগে,
'হয়নি সকাল, ঘুমো এখন'–
মা বলবেন রেগে!
বলব আমি, 'আলসে মেয়ে'।
ঘুমিয়ে তুমি থাকো,
হয়নি সকাল– তাই বলে কি
সকাল হবে না কো!

**পিরিয়ড ২৪ | সম্পূর্ণ কবিতা**

**প্রশ্ন ৫. দাগ টেনে বিপরীত শব্দ মিল কর।**

| | |
|---|---|
| সকাল | পরে |
| জাগা | খুশি |
| অলস | ঘুমানো |
| আগে | বিকাল |
| রাগ | পরিশ্রমী |

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | |
|---|---|
| সকাল | পরে |
| জাগা | খুশি |
| অলস | ঘুমানো |
| আগে | বিকাল |
| রাগ | পরিশ্রমী |

**প্রশ্ন ৬. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ক. খোকা কোন সময়ের পাখি হতে চায়?
খ. খোকা কার আগে ঘুম থেকে উঠতে চায়?
গ. মা কী বলবেন?
ঘ. মা কীভাবে বলবেন?
ঙ. রাত কখন পোহাবে?

**উত্তর :**

ক. খোকা সকাল বেলার পাখি হতে চায়।
খ. খোকা সুয্যি মামার আগে ঘুম থেকে উঠতে চায়।
গ. মা বলবেন, ঘুমিয়ে থাকো।
ঘ. মা রেগে বলবেন।
ঙ. খোকা উঠলেই রাত পোহাবে।

বাংলা

পিরিয়ড ২৫ সম্পূর্ণ কবিতা

প্রশ্ন ৭. পেশাজীবীর মানুষেরা কীভাবে আমাদের উপকার করে সে সম্পর্কে দুটি করে বাক্য লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

শিক্ষক ডাক্তার কৃষক গাড়ি চালক ইঞ্জিনিয়ার

উত্তর :

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| শিক্ষক | ক. আমাদের শিক্ষা দেন। |
| | খ. সমাজকে আলোকিত করেন। |
| ডাক্তার | ক. রোগের চিকিৎসা করেন। |
| | খ. সুস্বাস্থ্যের জন্য বিভিন্ন পরামর্শ প্রদান করেন। |
| কৃষক | ক. ফসল ফলান। |
| | খ. আমাদের খাবার যোগান দেন। |
| গাড়ি চালক | ক. আমাদের পরিবহন সেবা দেন। |
| | খ. যাতায়াত সহজ করেন। |
| ইঞ্জিনিয়ার | ক. বিভিন্ন কাঠামোর নকশা করেন। |
| | খ. নতুন নতুন পরিকল্পনা তৈরি করেন। |

প্রশ্ন ৮. কবিতা পড়ে কী শিখলে চার বাক্যে লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়ি

উত্তর :

ক. সকালবেলা ঘুম থেকে উঠতে হবে।
খ. সূর্য উঠার আগে ঘুম থেকে উঠতে হবে।
গ. সকালবেলার ঘুমে কোনো কল্যাণ নেই।
ঘ. সকাল সকাল ঘুম থেকে উঠা স্বাস্থ্যের জন্য উপকারী।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।

বেলা, জেগে, রেগে, মা।

উত্তর :

বেলা — সময়।
জেগে — সজাগ।
রেগে — রাগ করে।
মা — জননী।

প্রশ্ন ২. নিচের শব্দ দিয়ে দুটি করে বাক্য রচনা কর।

কুসুম, কুসুমবাগ, সূর্য, আলসে, পাখি। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

| | |
|---|---|
| কুসুম | ১। বাগিচায় কুসুম ফোটে। |
| | ২। কুসুমের মন মাতানো সৌরভে মন ভরে যায়। |
| কুসুমবাগ | ১। কুসুমবাগে পাখি ডাকে। |
| | ২। কুসুমবাগে প্রজাপতি উড়ে বেড়ায়। |
| সূর্য | ১। সকালে সূর্য উঠে। |
| | ২। জানালার ফাঁকে সূর্য উঁকি দেয়। |
| আলসে | ১। সে একজন আলসে ছেলে। |
| | ২। আলসে ছেলেরা ঘুম থেকে দেরিতে ওঠে। |
| পাখি | ১। পাখি উড়ে বেড়ায়। |
| | ২। দোয়েল আমাদের জাতীয় পাখি। |

প্রশ্ন ৩. নিচের বিরামচিহ্নগুলো ব্যবহার করে বাক্য রচনা কর।

ক. , ..........
খ. ? ..........
গ. । ..........
ঘ. ! ..........
ঙ. : ..........

উত্তর :

ক. , রাস্তার ধারে আম, জাম, তাল গাছের সারি।
খ. ? তুমি কি তৃতীয় শ্রেণিতে পড়?
গ. । আমি মামার বাড়ি যাব।
ঘ. ! উহ! কী যে ঠান্ডা!
ঙ. : বাবা বলেছেন : সদা সত্য কথা বলবে।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ৪. আমাদের আগে কারা ঘুম থেকে ওঠে? ▸ সূত্র : শিক্ষক সহায়ি

উত্তর : আমাদের আগে পাখিরা ঘুম থেকে ওঠে।

প্রশ্ন ৫. পাখিরা ঘুম থেকে উঠে কী করে? ▸ সূত্র : শিক্ষক সহায়ি

উত্তর : পাখিরা ঘুম থেকে উঠে কিচিরমিচির শব্দে ডাকাডাকি কর

প্রশ্ন ৬. তুমি কেন ভোরে ঘুম থেকে উঠবে? ▸ সূত্র : শিক্ষক সহায়ি

উত্তর : পড়া ও কাজে মন দিতে আমি ভোরে ঘুম থেকে উঠব

**প্রশ্ন ৭. ভোরে ঘুম থেকে উঠলে কী উপকার হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ভোরে ঘুম থেকে উঠলে—
১. স্বাস্থ্য ভালো থাকে।
২. মন ভালো থাকে।
৩. অলসতা দূর হয়।

**প্রশ্ন ৮. তুমি ঘুম থেকে উঠে স্কুলে যাওয়ার আগে কী কী কাজ কর? চারটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমি ঘুম থেকে উঠে স্কুলে যাওয়ার আগে যা করি—
১. দাঁত ব্রাশ করি।
২. হাত-মুখ ধুই।
৩. সকালের নাশতা করি।
৪. স্কুলে যাওয়ার জন্য প্রস্তুত হই।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৯. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।**

কেমনে সকাল হবে?
আমরা যদি না জাগি মা
সকাল হবে না কো!
হয়নি সকাল— তাই বলে কি
ঘুমিয়ে তুমি থাকো,
বলব আমি, 'আলসে মেয়ে!

**উত্তর :**

বলব আমি, 'আলসে মেয়ে!
ঘুমিয়ে তুমি থাকো,
হয়নি সকাল— তাই বলে কি
সকাল হবে না কো!
আমরা যদি না জাগি মা
কেমনে সকাল হবে?

**প্রশ্ন ১০. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**
সকাল, সূর্য, মা, রাত, পাখি, ঘুম।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| সকাল | প্রভাত, উষা |
| সূর্য | রবি, সবিতা |
| মা | মাতা, জননী |
| রাত | নিশি, রাত্রি |
| পাখি | পক্ষী, বিহঙ্গ |
| ঘুম | নিদ্রা, তন্দ্রা |

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১১. পাঠ থেকে অন্ত্যমিল শব্দ খুঁজে লেখ।**
পাখি, বাগে, হবে, জেগে, থাকো। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :**

| প্রদত্ত শব্দ | অন্ত্যমিল শব্দ |
|---|---|
| পাখি | ডাকি |
| বাগে | আগে |
| হবে | তবে |
| জেগে | রেগে |
| থাকো | না কো |

**প্রশ্ন ১২. ছবি দেখে প্রশ্নের উত্তর লেখ।**



**প্রশ্ন ক. ছবিতে কী আছে তা বর্ণনা কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** ছবিতে মা, ছেলে, জানালার ফাঁকে ভোরের আলো আর গাছের ডালে পাখি আছে।

**প্রশ্ন খ. ছবিটি সম্পর্কে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** ছেলে ঘুম থেকে উঠতে চাচ্ছে, মা তাকে উঠতে বারণ করছেন।

**প্রশ্ন ১৩. পাখি কখন ফুলের বাগানে ডেকে ওঠে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** পাখি খুব ভোরে ফুলের বাগানে ডেকে ওঠে।

**প্রশ্ন ১৪. মা তাকে কী বলেছেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** সকাল না হওয়ায় মা তাকে ঘুমাতে বলেছেন।

**প্রশ্ন ১৫. তুমি কেন পাখি হবে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** সবার আগে জাগার জন্য আমি পাখি হব।

**প্রশ্ন ১৬. সুয্যি মামার আগে কেন পাখি জেগে ওঠে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** খাদ্য সংগ্রহের জন্য পাখি সুয্যি মামার আগে জেগে ওঠে।

**প্রশ্ন ১৭. শিশু মাকে কী বলল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** আমরা জাগলেই সকাল হবে— শিশু মাকে এ কথা বলল।

**প্রশ্ন ১৮. শিশু কেন মাকে এ কথা বলল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** সবাই না জাগলে সকালের কোনো সার্থকতা নেই। এজন্য শিশু তার মাকে এ কথা বলল।

**প্রশ্ন ১৯. শিশুটি মায়ের কথায় কী বলছে? কেন বলছে?**
**উত্তর :** শিশুটি মাকে বলছে— তোমার ছেলে উঠলে রাত পোহাবে এবং সকাল হবে। কেননা ঘুমিয়ে থাকাতে কোনো সার্থকতা নেই।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| পাঠের শব্দ দিয়ে বাক্য তৈরি করতে পেরেছে। | | | |
| প্রমিত উচ্চারণে কবিতা সাবলীলভাবে বলতে পেরেছে। | | | |
| পাঠ্যপুস্তকের কবিতা প্রমিত উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ দেখে লিখতে পেরেছে। | | | |
| কবিতা শুনে বিষয়বস্তু নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে। | | | |
| কবিতা শুনে অন্ত্যমিল শনাক্ত করতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতার বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ‌ **ধারাবাহিক মূল্যায়ন** ‌ সময় :..............

শিক্ষার্থীর নাম :.................................... শ্রেণি :.................................... রোল নম্বর : ☐

১। **নিচের শব্দগুলোর অর্থ লেখ।**
কুসুম-বাগ, সুয্যি, আলসে, রাত পোহানো।

২। **ছবি দেখে প্রশ্নের উত্তর লেখ।**



ক. ছবিতে কী আছে তা বর্ণনা কর।
খ. ছবিটি সম্পর্কে লেখ।

৩। **তুমি ঘুম থেকে উঠে কী কী কর?**

________________________________

________________________________

________________________________

________________________________

### উত্তরমালা

১ ▸

| | | |
|---|---|---|
| কুসুম-বাগ | — | ফুলবাগান। |
| সুয্যি | — | সূর্য। |
| আলসে | — | অলস। |
| রাত পোহানো | — | রাত শেষ হওয়া। |

২ ▸ ক. ছবিতে মা, ছেলে, জানালার ফাঁকে ভোরের আলো আর গাছের ডালে পাখি আছে।
খ. ছেলে ঘুম থেকে উঠতে চাচ্ছে, মা তাকে উঠতে বারণ করছেন।

৩ ▸ আমি ঘুম থেকে উঠে দাঁত মাজি ও চোখ-মুখ পরিষ্কার করি। প্রার্থনা করি। তারপর স্কুলব্যাগে বই-খাতা গুছিয়ে নিয়ে স্কুলের পোশাক পরি। হালকা নাশতা করে মায়ের সাথে স্কুলে যাই।

মূল্যায়ন রিপোর্ট : ‌ শিখনের অর্জিত মাত্রা ☐